



আ.লীগের ভোট দখলের লড়াইয়ে বিএনপি-জামায়াত: নাহিদ ইসলাম



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, আওয়ামী লীগের ভোটব্যাংক নিজেদের দখলে নিতে বিএনপি ও জামায়াতের মধ্যে প্রকাশ্য প্রতিযোগিতা চলছে। তিনি নির্বাচন কমিশনের গঠন ও নির্বাচনী পরিবেশ নিয়েও প্রশ্ন তুলেছেন।

মঙ্গলবার (২৩ ডিসেম্বর) বিকেলে রাজধানীর চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে ডেইলি স্টার আয়োজিত ‘নির্বাচন ডায়ালগ’ অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে এসব মন্তব্য করেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম।

তিনি বলেন, কুমিল্লার দেবিদ্বারে সাম্প্রতিক সময়ে বিপুলসংখ্যক আওয়ামী লীগ নেতার বিএনপিতে যোগ দেওয়া থেকে স্পষ্ট, আওয়ামী লীগের ভোট নিজেদের দিকে নিতে বিএনপি ও জামায়াত সক্রিয় হয়ে উঠেছে।

নাহিদ ইসলাম আরও বলেন, আওয়ামী লীগ ইস্যুতে রাজনৈতিক সংকট এখনো কাটেনি। এ জন্য জাতীয় সমঝোতার প্রয়োজন রয়েছে। তিনি বর্তমান নির্বাচন কমিশনের গঠন নিয়েও প্রশ্ন তুলে বলেন, সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে নিরপেক্ষ পরিবেশ জরুরি।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ বলেন, জুলাই সনদ বাস্তবায়নে তাদের দল সর্বাঙ্গিক চেষ্টা চালাবে। দাবি আদায়ে প্রয়োজনে পুনরায় আন্দোলনে নামার কথাও জানান তিনি। একই সঙ্গে তিনি বলেন, ফ্যাসিবাদী রাজনীতির সঙ্গে যুক্ত কোনো ব্যক্তিকে জামায়াতে অন্তর্ভুক্ত করা হবে না।